



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ও সাবেক আইনমন্ত্রীর মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য -এর শোক প্রকাশ



সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি, সাবেক আইনমন্ত্রী আবদুল মতিন খসরু (৭১) করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ১৪এপ্রিল, ২০২১, বুধবার বিকেলে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ)-এ ইন্তেকাল করেন (ইনা লিল্লাহি.....রাজিউন)।

তার মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ গভীর শোক প্রকাশ করেছেন।

উল্লেখ্য, আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মতিন খসরু কুমিল্লা-৫ আসনে পাঁচবারের সংসদ সদস্য। ১৯৯৬-২০০১ আওয়ামী লীগ সরকারে তিনি আইনমন্ত্রীর দায়িত্ব পালন করেন।

সম্প্রতি সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে তিনি সভাপতি নির্বাচিত হন। তিনি ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।